

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৪৩৭

তারিখ: ২০ নভেম্বর, ২০২৩

বিষয়: ব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝালকাঠি জেলার সদর উপজেলায় সংগঠিত আত্মসাতের বিষয়ে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনদৃষ্টে আপনি বিভিন্ন অনিয়মসমূহের সঙ্গে জড়িত থাকায় উক্ত উপজেলায় মাঠ সংগঠক জনাব ইয়াসমিন আক্তার কর্তৃক সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাত্তার) টাকা আত্মসাৎ এর সুযোগ তৈরী হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

২। আপনি ঋণ প্রক্রিয়াকরণের নিয়মনীতি ব্যত্যয় করে ১৩টি সমিতির সর্বমোট ৬১ জন সদস্যকে অবহিত না করে সফটওয়্যারে ঋণ অনুমোদনপূর্বক সরাসরি ব্যাংক অ্যাডভাইস এর মাধ্যমে সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ প্রদান করায় আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৩। আপনি আর্থিক সুবিধা গ্রহণের কারনে অনিয়মতান্ত্রিকভাবে ঋণের সিলিং অত্যাধিক বৃদ্ধি, ঋণ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ না করে সফটওয়্যারে ঋণ অনুমোদন ও যথাযথ তদারকি না করায় আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৪। আপনি নিয়মনীতি প্রতিপালন না করে নির্ধারিত ঋণ আবেদন ফরম এর নির্ধারিত অংশে ও ঋণ নথিতে ইউআরডিও কর্তৃক সদস্যদের ঋণ অনুমোদন প্রদানপূর্বক ঋণ চুক্তিপত্রে ঋণ গ্রহীতা (২য় পক্ষ) এবং ইউআরডিও (১ম পক্ষ) উভয়ের উপস্থিতিতে স্বাক্ষর করে চুক্তি সম্পাদন ব্যতীত সফটওয়্যারে ঋণ অনুমোদনপূর্বক সরাসরি ব্যাংক অ্যাডভাইস এর মাধ্যমে সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তর করায় মাঠ সংগঠক কর্তৃক ঋণের অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৫। আপনি ইচ্ছাকৃতভাবে অথবা দায়িত্বে অবহেলা করে সুফলভোগী সদস্যদের =৫০০০০.০০ (পঞ্চাশ হাজার) বা তদুর্ধ্ব পরিমাণ ঋণ প্রদানের বিপরীতে সদস্যের কাছ থেকে স্বাক্ষরযুক্ত ০২টি পোস্ট ডেটেড চেক রাখা হলেও বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী ইরেসপো (লোন ফান্ড), বিআরডিবি শিরোনাম উল্লেখপূর্বক চেকসমূহ ক্রস না করা এবং খেয়াল খুশিমত কিছু সংখ্যক পোস্ট ডেটেড চেক ইরেসপো লোন ফান্ড, বিআরডিবি শিরোনামের পরিবর্তে ক্রসবিহীন ইয়াসমিনের শিরোনামে নথিতে অসংরক্ষিত অবস্থায় রাখায় আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৬। আপনি ইচ্ছাকৃতভাবে অথবা দায়িত্বে অবহেলা করে পোস্ট ডেটেড চেকসমূহ যথাযথ নিয়মে সংরক্ষণ না করায় মাঠ সংগঠক সুকৌশলে সদস্যদের পূর্ববর্তী ঋণের জামানতের বিপরীতে জমাকৃত স্বাক্ষরযুক্ত চেক নিজের হেফাজতে নিয়ে তা ব্যবহার করে আত্মসাত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৭। আপনি ৭টি সমিতির ১৮ জন সদস্যদের বিপরীতে কোন ধরনের নিয়মনীতি প্রতিপালন না করে সফটওয়্যারে ঋণ অনুমোদনপূর্বক সরাসরি ব্যাংক অ্যাডভাইসের মাধ্যমে পুনরায় ঋণ বিতরণের ১৩,৪১,৫৭৪.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার পাচশত চুয়াত্তর) টাকা সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তর এবং মাঠ সংগঠক কর্তৃক পোস্ট ডেটেড চেকসমূহ ব্যবহার করে বর্ণিত অর্থ ব্যাংক হতে উত্তোলন/নগদায়ন করে আত্মসাৎ হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

৮। আপনার তদারকির অভাব ও দায়িত্বে অবহেলা অথবা আর্থিকভাবে লাভের কারণে সুফলভোগী বিদেশে চলে যাওয়া সত্ত্বেও তার বিপরীতে ৯০০০০.০০ টাকা সফটওয়্যারে ঋণ অনুমোদন করায় মাঠ সংগঠক কর্তৃক আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।


৯। আপনি ০২ জন সুফলভোগী সদস্যকে না জানিয়ে তাদের বিপরীতে সফটওয়্যারে ঋণ অনুমোদন করায় মাঠ সংগঠক কর্তৃক ব্যাংক হতে নতুন চেক বই উত্তোলন এবং উক্ত চেক বইয়ের চেক ব্যবহার করে সদস্যের স্বাক্ষর জাল করে ২ জন সদস্যের বিপরীতে যথাক্রমে ৮০০০০.০০ (আশি হাজার) ও ১০০০০০ (এক লক্ষ) টাকা উত্তোলন করে আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

১০। আপনি মাঠ সংগঠক জনাব ইয়াসমিন আক্তার এর নিকট হতে সুবিধাদি গ্রহণপূর্বক খেয়াল খুশিমত অনিয়মতান্ত্রিকভাবে সদস্যদের ঋণ বিতরণের মাধ্যমে আত্মসাতের সুযোগ সৃষ্টি হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

১১। আপনি সরাসরি জড়িত অথবা মাঠ সংগঠকের কাছ থেকে আর্থিক সুবিধাদি গ্রহণ করায় মাঠ সংগঠক কর্তৃক সদস্যদের কাছ থেকে প্রকৃত ঋণের পরিমাণ গোপন করে তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাবের স্বাক্ষরযুক্ত চেক সংগ্রহ করে ৬টি সমিতির ১৫ জন সদস্যের বিপরীতে বিতরণকৃত ১০,২০,০০০.০০ (দশ লক্ষ বিশ হাজার) টাকা নগদায়ন করে সদস্যদের পাশ বইয়ে ঋণের অর্থ ৪,৬৩,০০০.০০ (চার লক্ষ তেষটি হাজার) টাকা লিপিবদ্ধ করে সর্বমোট ৫,৫৭,০০০.০০ (পাঁচ লক্ষ সাতান্ন হাজার) টাকা আত্মসাতের ঘটনা সংগঠিত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

১২। আপনি সরাসরি জড়িত অথবা মাঠ সংগঠকের কাছ থেকে আর্থিক সুবিধাদি গ্রহণ করায় মাঠ সংগঠক কর্তৃক সমিতি পর্যায় হতে সুফলভোগী সদস্যদের কাছ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ অফিসে জমা না দিয়ে সর্বমোট ৭,৪২,৫০৮.০০ (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত আট) টাকা আত্মসাতের ঘটনা সংগঠিত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

এমতাবস্থায়, প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা বর্হিভূতভাবে ঋণ বিতরণের পূর্বে যাচাইসহ ঋণ অনুমোদন ও বিতরণের প্রক্রিয়া অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে সরাসরি ব্যাংক অ্যাডভাইসের মাধ্যমে ঋণ বিতরণ, ঋণের জামানত হিসেবে সদস্যদের স্বাক্ষরযুক্ত পোস্ট ডেটেড চেক যথাযথভাবে সংরক্ষণ ও তদারকি না করা এবং সমিতি পর্যায়ে কোনরূপ তদারকি না করে আত্মসাতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা এবং দায়িত্ব অবহেলা, অদক্ষতা ও আর্থিকভাবে লাভবানের উদ্দেশ্যে মাঠসংগঠক জনাব ইয়াসমিন আক্তার-কে সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাত্তান্ন) টাকা আত্মসাতের সুযোগ তৈরী করে দেয়ার বিষয়টি তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের লিখিত বক্তব্য এর মাধ্যমে সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর বিধি ২৪ (খ ও জ) মোতাবেক দোষী সাব্যস্ত করে বিধি ২৮ (গ) এর আলোকে বিধি ২৫ (খ) মোতাবেক কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে কেন অপসারণ বা বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ১৪/১২/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব তরুন কান্তি বৈদ্য
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত)
ইরেসপো, বিআরডিবি, ভোলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭- ৪২৭


তারিখ: ২০ নভেম্বর, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ ঝালকাঠি।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ঝালকাঠি/ভোলা।
৪. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


২০/১০/২৩

শামীমা আক্তার
সহকারী পরিচালক